



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার বিভাগ
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
প্রকাশনা শাখা
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ৪৬.১৮.০০০০.০০৩.০২.০০৪-৪১৩

তারিখ: ০৯.০৫. ২০২১

বিষয়: এনআইএলজি'র জার্নালে প্রকাশের জন্য প্রবন্ধ আহ্বান।

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক “দি জার্নাল অব লোকাল গভর্নমেন্ট” নামে প্রতি ছয় মাস অন্তর অন্তর জার্নাল নিয়মিত প্রকাশিত হচ্ছে। জার্নালের ভলিয়াম ৪৪.২ প্রকাশের জন্য লেখা আহ্বান করা হলো। প্রবন্ধ/নিবন্ধটি স্থানীয় সরকার এবং বাংলাদেশ ও অন্যান্য দেশের প্রশিক্ষণ ব্যবস্থার উপর; অথবা স্থানীয় পরিকল্পনা, প্রশাসনিক বিকেন্দ্রীকরণ এবং উন্নয়ন কর্মে জনগণের অংশগ্রহণ নিয়ে গবেষণামূলক কাজ; অথবা স্থানীয় সরকার ম্যানুয়াল, স্থানীয় সরকার সংস্থার বিভিন্ন সমস্যা/ইস্যু সম্পর্কিত নিবন্ধসমূহ; অথবা গ্রামীণ উন্নয়ন, সাধারণ ও উন্নয়ন প্রশাসন ইত্যাদি বিষয়ের উপর হতে হবে। প্রকাশিত প্রবন্ধের লেখক/লেখকগণ প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সুবিধাদি প্রাপ্য হবেন। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য এনআইএলজি'র ওয়েব সাইট www.nilg.gov.bd এ প্রদর্শিত নির্দেশনা অনুসরণ করা যেতে পারে। প্রবন্ধটি আগামী ৩০ মে, ২০২১ খ্রি. তারিখের মধ্যে জনাব মোঃ মনিরুজ্জামান, পরিচালক, গবেষণা ও পরিকল্পনা, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), ২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এর অনুকূলে প্রেরণ করতে হবে।


০৯.০৫.২০২১
(মোঃ মনিরুজ্জামান)

পরিচালক (যুগ্মসচিব) (গবেষণা ও পরিকল্পনা)

ফোন: ০২-৫৫০০৬৯৮৪

ই-মেইল: mzcta354@gmail.com